**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬**

**বাংলা**

**সেমেস্টার: ৪ কোর্স: ১**

**বিশেষপত্র: বিংশ শতাব্দীর কথাসাহিত্য (প্রকরণ)**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। 'জাদুবাস্তব' বাস্তব জীবনের সঙ্গে অলৌকিক বা অতিপ্রাকৃত উপাদানের সংমিশ্রণ ঘটায়।— একটি বাংলা উপন্যাস বিশ্লেষণের মধ্য দিয়ে বক্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

২। 'চেতনাপ্রবাহ রীতি' কীভাবে মানুষের অন্তর্জগৎ, মানসিক টানাপড়েন ও অবচেতন ভাবনার প্রকাশ ঘটায় তা উদাহরণসহ বিশ্লেষণ করো। ১০

৩। ছোটোগল্পের সংজ্ঞা এবং বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ১০

একক-২

৪। আখ্যানের 'প্লট' সম্পর্কে সবিশেষ আলোকপাত করো। ১০

৫। আখ্যানের 'নিরীক্ষণ বিন্দু' বলতে কী বোঝায়? কতরকমভাবে 'নিরীক্ষণ বিন্দু'-র শ্রেণিবিভাগ করা যায়? 'নিরীক্ষণ বিন্দু'-র পরিবর্তে 'ফোকালাইজেশন'-কে এখন অনেকেই কেন বেশি গুরুত্ব দিয়ে থাকেন? ৩+৩+৪=১০

৬। শ্লোমিথ রিমন-কেনানকে অনুসরণ করে 'ন্যারেটিভ কমিউনিকেশন মডেল'-এর আলোচনা করো। ১০

একক-৩

৭। আধুনিক বাংলা ছোটোগল্পের সার্থক প্রবর্তক রবীন্দ্রনাথ তাঁর গল্পে প্রকরণের নানারকম পরীক্ষা-নিরীক্ষা করেছেন। এ সম্পর্কে তোমার অভিমত উদাহরণসহ আলোচনা করো। ১০

৮। বিশ শতকের ষাটের দশক পর্যন্ত (রবীন্দ্রনাথ ব্যতিরেকে) বাংলা উপন্যাসে প্রকরণগত নবনিরীক্ষার যে-সব উল্লেখযোগ্য দৃষ্টান্ত তৈরি হয়েছে, তার পরিচয় দাও। ১০

৯। 'ছোটগল্প: নূতন রীতি' আন্দোলন নিয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লেখো। ১০

১০। **যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:** ৫X২=১০

(ক) 'পিকারেস্ক নভেল'-এর সূচনা কোন শতকে, এবং প্রথম কোথায় হয়েছিল?

(খ) 'For sale: baby shoes, never worn' অণুগল্পটির লেখক কে? অণুগল্প লিখে পুলিৎজার পুরস্কারপ্রাপ্ত মার্কিন কথাসাহিত্যিকের নাম কী?

(গ) মিখাইল বাখতিনের উপন্যাসতত্ত্ব-বিষয়ক দুটি বইয়ের নাম লেখো।

(ঘ) 'ইমপ্লায়েড অথর' ধারণাটি কে, কোন বইতে প্রথম ব্যক্ত করেন?

(ঙ) নগরকেন্দ্রিক পটভূমি রয়েছে এমন দুটি রবীন্দ্রগল্পের নাম লেখো।

(চ) কমলকুমার মজুমদারের দুটি উপন্যাসের নাম ও প্রকাশকাল লেখো।

**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬**

**বাংলা**

**সেমেস্টার : ৪ কোর্স : ২**

**বিশেষপত্র : বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য : উপন্যাস**

(*For regular & back candidates*)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১৬ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

**একেক – ১**

১। মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসকে আদৌ 'নিয়তিবাদী' উপন্যাস বলা যায়? এ-বিষয়ে তোমার বক্তব্য যুক্তিসহ উপস্থাপন করো। ১০

২। গাওদিয়ার শশী ডাক্তার জীবন-অভিজ্ঞতায় নিদারুণ 'ক্লান্ত'; নাকি 'ক্লান্তিহীন নাবিক'? 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের পরিণামী ব্যঞ্জনা স্মরণে রেখে এ-বিষয়ে তোমার বক্তব্য যুক্তিসহ লেখো। ১০

৩। 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসে কুমুদ-মতি-বনবিহারী আর জয়ার উপকাহিনির আখ্যানগত গুরুত্ব কতটা বলে তোমার মনে হয়? সংক্ষেপে আলোকপাত করো। ১০

**একক – ২**

৪। 'গৌড়মল্লার' উপন্যাসে বজ্রদেবের জীবনের দুটি পর্বের আলোকে তার চরিত্রের বৈশিষ্ট্য বিশ্লেষণ করো। ১০

৫। 'গৌড়মল্লার' উপন্যাসে তৎকালীন বাংলার সমাজ, অর্থনীতি, রাজনীতি ও সংস্কৃতির যে চিত্র ফুটে উঠেছে তার বর্ণনা দাও। ১০

৬। 'গৌড়মল্লার' উপন্যাসে লেখকের বর্ণনাশৈলী ও ভাষার বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

৭। 'মৈত্রেয় জাতক' উপন্যাসের বিশাখার বিবাহ পর্বের বর্ণনায় লেখকের কুশলতার পরিচয় দাও। *(For back candidates only)* ১০

৮। 'মৈত্রেয় জাতক' উপন্যাসে বৌদ্ধধর্ম ও মানবতাবাদের প্রকাশ ও বিস্তার কীভাবে ঘটেছে বিশ্লেষণ করো। *(For back candidates only)* ১০

৯। 'মৈত্রেয় জাতক' উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে চণক চরিত্রটি বিচার করো। *(For back candidates only)* ১০

**একক-৩**

১০। 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে অনন্ত চরিত্রে লেখক অদ্বৈতের আত্মপ্রক্ষেপ ঘটেছে। মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

১১। 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসের অন্তিম উপখণ্ডে বাসন্তী তার নিজের সামাজিক অবস্থানগত বিবর্তনকে তুলে ধরেছেন। বাসন্তীর এই বিবর্তন কতখানি স্বাভাবিক তা সমগ্র উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ১০

১২। "মালোদের নিজস্ব একটা সংস্কৃতি ছিল। গানে গল্পে প্রবাদে এবং লোকসাহিত্যের অন্যান্য মাল মশলায়..." 'তিতাস একটি নদীর নাম' উপন্যাস অবলম্বনে লেখকের এই মন্তব্যটির সত্যতা বিচার করো। ১০

পরের পাতায় দেখো ....

১৩। 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসে সাঁওতাল জনজীবনের সামাজিক বঞ্চনা, জাতিগত পরিচয় ও শোষণের রূপ কীভাবে উঠে এসেছে তা বিশ্লেষণ করে দেখাও। *(For back candidates only)* ১০

১৪। 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসে বাজিকরদের স্থিতিশীল হওয়ার লক্ষ্যে জামিরের ভূমিকাগত তাৎপর্য নিরূপণ করো। *(For back candidates only)* ১০

১৫। 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসে জামির চরিত্রটি বিচার করো। *(For back candidates only)* ১০

১৬। **যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ৫×২=১০

ক। 'আমার তৈরি করা মিথ্যা আমাকে তাই গুঁড়ো করে দিল।' – 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের কোন চরিত্র কাকে এই কথা বলেছিল?

খ। 'পুতুল বইতো নই আমরা, একজন আড়ালে বসে খেলাচ্ছেন।' – 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের কোন অধ্যায়ে , কার উদ্দেশে এই উক্তি করা হয়েছে?

গ। 'আমি মানুষ চেয়েছিলাম, দৈত্য চাইনি'— কে কার প্রতি এই উক্তি করেছে?

ঘ। কোকবর্মা কে এবং তার মৃত্যু কীভাবে হয়েছিল?

ঙ। তিষ্যর বাবার নাম কী এবং তিনি কোথাকার রাজা ছিলেন? *(For back candidates only)*

চ। বিশাখার ক'জন সখী ছিল? তাদের নাম কী? *(For back candidates only)*

ছ। 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসটি কবে কোন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়?

জ। 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসটি প্রথম কবে কোন প্রকাশনা থেকে গ্রন্থাকারে প্রকাশিত হয়?

ঝ। চেতন মাঝি কে? গোমা কী? *(For back candidates only)*

ঙ। মণিরাজ কী? 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসে কোন প্রসঙ্গে মণিরাজ-এর কথা এসেছে? *(For back candidates only)*

**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৬**

**বাংলা**

**সেমেস্টার: ৪ কোর্স: ৩**

**বিশেষপত্র: বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য: গল্প**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৪০**

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। জগদীশ গুপ্তের 'পয়োমুখম্' গল্পে মানব মনের জটিলতা ও সম্পর্কের চিত্র কৃষ্ণকান্ত কবিরাজ চরিত্র অবলম্বনে বিশ্লেষণ করো। ১০

২। সুবোধ ঘোষের 'ফসিল' গল্পের মুখার্জি আত্মপ্রতারক ও সুবিধাবাদী মধ্যবিত্ত শ্রেণির এক নিখুঁত প্রতিনিধি।—বক্তব্যটি সম্পর্কে তোমার ভাবনা যুক্তিসহ উল্লেখ করো। ১০

৩। সুবোধ ঘোষের 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের নামকরণের যৌক্তিকতা বিচার করো। ১০

একক – ২

৪। "রমাপদ চৌধুরীর 'আমি, আমার স্বামী ও একটি নুলিয়া' গল্পের নববিবাহিতা বধূটি অকপট স্বীকারোক্তি করলেও বাঙালি মধ্যবিত্তের স্বার্থপর মানসিকতা এই গল্পে বড় হয়ে উঠেছে।"— আলোচনা করো। ১০

৫। 'মতি নন্দীর গল্পের বিষয়ে গলি ও বস্তি জীবন, উত্তর কলকাতা, পাড়াকালচার যেমন আছে, আঙ্গিকে আছে চলচ্চিত্র প্রভাবিত গদ্য, ডিটেলিং, উপমা আর আভরণহীন শব্দে পরিমিত বর্ণনা।' —পাঠ্য গল্প অবলম্বনে মন্তব্যটি বিস্তারিত করো। ১০

৬। 'গলি বদলায়নি, গলির মানুষও বদলায়নি। বস্তিজীবন এদের নিয়তি।এদের জীবনে সত্যি কোনো ঢেউ আছে?'— 'চোরা ঢেউ' গল্প অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১০

একক – ৩

৭। মানচিত্র পাল্টে যাওয়া দেশের নাগরিক দুর্গা এবং নিত্যচরণের অন্তর্জগৎ-বহির্জগতের অবিরত লড়াই দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের 'জটায়ু' গল্পের আধারে উঠে এসেছে।—আলোচনা করো। ১০

৮। 'মেহগনি' গল্পে শ্রেণিশোষণের চেহারাটি কীভাবে উপস্থাপিত হয়েছে আলোচনা করো। এই গল্পে মেহগনি গাছ কীভাবে প্রতীক হয়ে উঠেছে দেখাও। ৮+২=১০

৯। 'ঢোল সমুদ্র' গল্পে মতিকে কেন্দ্র করে প্রহ্লাদের জীবনে যে প্রতিবাদের বীজ উপ্ত হয়েছে তা বিস্তারিত আলোচনা করো। মতিদের বেঁচে থাকাও এই গল্পে কীভাবে গুরুত্ব পেয়েছে দেখাও। ৮+২= ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৫×২=১০

ক) 'সূর্যের উদয়াস্তব্যাপী জীবন আর দিনগুলিকে এত সংক্ষিপ্ত তার কোনদিন মনে হয় নাই;'—উদ্ধৃত অংশ কোন গল্পের এবং বক্তা কে?

খ) 'না, তুমি ক্ষতি করবে কেন, আভা ঠাকুরঝি আমার এ সর্বনাশটা করল।'—কাকে উদ্দেশ্য করে কে একথা বলেছে?

গ) 'ফুর্তি করবেন, হোটেল ভাড়াই দিবেন না?'—কাদের উদ্দেশে কার এই উক্তি?

ঘ) 'আহা বুড়ো মানুষটা মরবেই বা কেন?'—কোন গল্পের অংশ? এখানে ব্যক্তিটি কে?

ঙ) 'নিশ্চয়ই ভোরের আলো ফুটলে ওখানে একজন দাঁড়িয়ে থাকবে!' —কোন গল্পের অংশ? কার দাঁড়িয়ে থাকার কথা বলা হয়েছে?

চ) স্টেশনটির নাম 'আন্ডাহল্ট' কেন? 'মানুষগুলো সব-সব ভিখিরি হয়ে গেল।'—কার উক্তি?